

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৬
বিশালগড়, ২৫ জুন, ২০২৪

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা
বিশালগড় ব্লকে মোরগ পালনে সহায়তা

প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় বিশালগড় ব্লকের ৩০৩টি পরিবারকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় সুবিধাভোগীদের ১০টি করে মোরগ ও মোরগ পালনে সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ ৯৩ হাজার ৯০০ টাকা। তাছাড়াও উত্তর পূর্বাঞ্চল পর্ষদের আর্থিক সহায়তায় বিশালগড় ব্লকে ১,০৬৩ জন প্রাণীপালককে প্রাণীপালনে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে সুবিধাভোগী প্রাণীপালকদের হাঁস, মোরগ, ছাগল পালনে সহায়তা দেওয়া হয়েছে।
